Readout by the Official Spokesperson on the India-Sri Lanka Virtual Bilateral Summit

September 24, 2020

ভারত-শ্রীলংকা ভার্চুয়াল দ্বিপাক্ষিক শীর্ষ সম্মেলনের উপরে সরকারি মুখপাত্রের বক্তব্য

সেপ্টেম্বর 24, 2020

1. প্রধানমন্ত্রী এবং শ্রীলংকার প্রধানমন্ত্রীর মধ্যে ভারতের আয়োজনে 26 শে সেপ্টেম্বর 2020 তারিখে একটি ভার্চুয়াল দ্বিপাক্ষিক শীর্ষবৈঠক অনুষ্ঠিত হতে চলেছে।

2. এই ভার্চুয়াল দ্বিপাক্ষিক শীর্ষ বৈঠকটি প্রতিবেশী কোনো রাষ্ট্রের সাথে প্রধানমন্ত্রীর প্রথম এই ধরনের ভার্চুয়াল বৈঠক এবং 09 ই অগাষ্ট 2020 তারিখে প্রধানমন্ত্রী পদে বসার পরে কোন বিদেশী নেতার সাথে প্রধানমন্ত্রী রাজাপক্ষ-র এই প্রথম কূটনৈতিক বৈঠক।

3. ভারত- শ্রীলংকার মধ্যে সম্পর্ক নিয়মিত উচ্চপর্যায়ের আদানপ্রদান দ্বারা চিহ্নিত।এই ধরনের আদানপ্রদান পারষ্পরিক সহযোগিতা এবং মৈত্রী বন্ধনে গতি প্রদান করে যেগুলি বহুমাত্রিক প্রকৃতির এবং বাণিজ্য, সুরক্ষা, সামরিক, সাংস্কৃতিক, পর্যটন ইত্যাদি ক্ষেত্রগুলির মধ্যেদিয়ে গমন করে।

4.. প্রধানমন্ত্রী নিয়মিত ভাবে শ্রীলংকার রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর সাথে যোগাযোগ বজায় রেখে চলেছেন। ভার্চুয়াল দ্বিপাক্ষিক শীর্ষ সম্মেলনের আগে রাষ্ট্রপতি গোতাবায়া রাজাপক্ষ এবং প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপক্ষ যথাক্রমে নভেম্বর 2019 এবং ফেব্রুয়ারী 2020 তে ভারতে রাষ্ট্রীয় সফর করেছিলেন। তখন থেকেও নেতারা কোভিড-19 অতিমারির স্বাস্থ্য এবং অর্থনীতির উপরে প্রভাবকে মোকাবিলা করার প্রসঙ্গ সহ বিভিন্ন বিষয় নিয়ে নিজেদের মধ্যে যোগাযোগ রেখে চলেছেন এবং টেলিফোনে কথাবার্তা জারি রেখে চলেছেন।

5. প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপক্ষর নেতৃত্বে পোদুজানা পেরামুনা(এসএলপিপি) বিজয়ী হবার পরে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রথম শ্রী রাজাপক্ষকে টেলিফোনে 06ই অগাষ্ট 2020 তারিখে অভিনন্দিত করেন। প্রধানমন্ত্রী সাম্প্রতিক অতীতে রাষ্ট্রপতি গোতাবায়া রাজাপক্ষ এবং প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপক্ষকে পত্র মারফৎ অভিনন্দন বার্তা প্রেরণ করেন। রাষ্ট্রপতি গতাবায়া রাজাপক্ষ এবং প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপক্ষ 17 ই সেপ্টেম্বর 2020 তারিখে প্রধানমন্ত্রীকে জন্মদিনের শুভেচ্ছা জানানোর জন্য টেলিফোন করেন। এর আগে 21শে মে 2020 তারিখে শ্রীলংকা সংসদে পা রাখার 50 বৎসর পূর্তি উপলক্ষে প্রধানমন্ত্রী মোদী শ্রীলংকার প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপক্ষকে টেলিফোনে অভিনন্দন জ্ঞাপন করেন।

6. কোভিড- 19 এর মত প্রতিবন্ধক পরিস্থিতিতে একটি ভার্চুয়াল দ্বিপাক্ষিক শীর্ষ সম্মেলন দুই প্রতিবেশী দেশের মধ্যে সভ্যতার গভীর সম্পর্ক এবং ঐতিহ্যের বিনিময়কে প্রমাণ করে। এটি ভারতের 'প্রতিবেশী প্রথমে' দৃষ্টিভঙ্গি এবং সাগর(এসএজিএআর) –এর সিদ্ধান্তকে প্রতিফলিত করে।

7. মাহিন্দা ভার্চুয়াল শীর্ষ সম্মেলন দুই দেশের মধ্যে সময়ে পরীক্ষিত সৌহার্দের প্রসঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্কের বৃহৎ পরিকাঠামোতে ব্যাপক পর্যালোচনার সুযোগ করে দেবে এবং পারস্পরিক মুখ্য স্বার্থের সহযোগী অংশীদারিত্বকে গভীর করতে এবং বৃহৎ রাজনৈতিক অভিমুখ দিতে সুযোগ করে দেবে।

নিউ দিল্লি
সেপ্টেম্বর,24,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.